

নীরেন্দ্রনাথ চত্রবর্তী

খেয়াঘাটে

যে জানে সে জানে আছে সবখানে  
 অসংখ্য ভুল ত্রুটি,  
 চলে তা-ই নিয়ে খুঁড়িয়েখুঁড়িয়ে  
 সংসার মোটামুটি।  
 যত দেখা হয়, তত সংশয়,  
 হয় না নিজেকে দেখা,  
 খেয়াঘাটে গিয়ে তাই সেদাঁড়িয়ে  
 রয়েছে এ রাতে একা।

যদি ভুলে যায়, যদি নাতাকায়  
 একবারও পিছু ফিরে,  
 বৃষ্টিধারায় যদি মুছেযায়  
 সবকিছু নদীতীরে,  
 তা হলে জেনো যে, আপনারইখোঁজে  
 এই ভাবে তার যাওয়া  
 যেভাবে নিজেকে খোঁজে দিকে দিকে  
 বর্ষারাতের হাওয়া।

